

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।
www.dbla.gov.bd

নং: ১০.০৭.০০০০.০০১.১১.০০৫.২৩-৪২৯

তারিখঃ ২১ আশ্বিন ১৪৩৩
০৬ অক্টোবর ২০২৬

নিয়োগপত্র

বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তরের অধীন জেলা লিগ্যাল এইড অফিসসমূহে জারিকারকের ০২টি শূন্য পদে নিম্নবর্ণিত প্রার্থীদেরকে জাতীয় বেতন স্কেল, ২০২৬ এর গ্রেড-১৯ তথা ২০৫০০-২১৬০০-২২৭০০-২৩৮০০-২৫০০০-২৬২০০-২৭৫০০-২৮৯০০-৩০৩০০-৩১৯০০-৩৩৪০০-৩৫১০০-৩৬৯০০-৩৮৭০০-৪০৬০০-৪২৭০০-৪৪৮০০-৪৭০০০-৪৯৬০০/- বেতনস্কেলে তৎসহ বর্ণিত অন্যান্য সুবিধাদিসহ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্রমিক নং	রোল নং	প্রার্থীর নাম	পিতার নাম	নিজ জেলা
১.	১৭০২৬৫৫	জনাব মোঃ মোশাররফ হোসেন তান্না	জনাব মোঃ রুবেল মিয়া	রংপুর
২.	১৭০৪৩৩৯	জনাব মোঃ নুরুজ্জামান	জনাব মোঃ মজিবর রহমান	রাজশাহী

শর্তাবলীঃ-

১। নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণ-কে আগামী ১১/১০/২০২৬ খ্রি. তারিখে বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তরের মহাপরিচালক বরাবর যোগদানের জন্য নির্দেশ প্রদান করা হলো। পরবর্তীতে অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক নির্ধারিত তারিখে নিয়োগপ্রাপ্ত কর্মচারী লিগ্যাল এইড অফিসে যোগদান করবেন। কোনো প্রার্থী নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান করতে ব্যর্থ হলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

২। (ক) যোগদানকারী প্রার্থীগণ-কে নিজ খরচে যোগদানকালে যে কোনো সরকারি মেডিক্যাল কলেজ হাসপাতালের পরিচালক/নিজ জেলার সিভিল সার্জন বা তৎকর্তৃক মনোনীত কোনো মেডিক্যাল অফিসারের নিকট হতে তার পদের জন্য যোগ্য মর্মে শারীরিক ও মানসিক যোগ্যতার সনদ এবং মাদক পরীক্ষার (ডোপ টেস্ট) সনদ সংগ্রহ করে যোগদানের সময় দাখিল করতে হবে;

(খ) চাকরিতে যোগদানের সময় সরকারি বিধি মোতাবেক একটি প্রতিশ্রুতিপত্র (আন্ডারটেকিং) দাখিল করতে হবে।

(গ) চাকরিতে যোগদানের পর যথানিয়মে প্রত্যেক প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন অনুষ্ঠিত হবে; যা অবশ্যই সন্তোষজনক হতে হবে।


(ঘ) জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা (কর্মকর্তা-কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১০ এর প্রবিধান ৭(ক) এ বর্ণিত শর্তমতে প্রার্থীর যোগদানের তারিখ হতে পরবর্তী এক (১) বছর শিক্ষানবিসকাল হিসেবে গণ্য হবে। তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করে শিক্ষানবিসের মেয়াদ অনধিক ছয় মাসের জন্য বৃদ্ধি করতে পারবে। বর্ণিত সময়ের মধ্যে কোনো প্রার্থীর আচরণ ও কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে তাকে চাকুরী হতে অপসারণ করা হবে;

(ঙ) উল্লিখিত প্রবিধানমালার প্রবিধান ৫৪(২) এর শর্তমতে, কোন শিক্ষানবিস তার অভিপ্রায় উল্লেখপূর্বক এক মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করে তার চাকুরি ত্যাগ করতে পারবেন না এবং এরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে, তিনি অধিদপ্তরকে তার এক মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসেবে প্রদান করিতে বাধ্য থাকবেন;

(চ) সংশ্লিষ্ট বিধি অনুযায়ী শিক্ষানবিসকালীন কর্ম সন্তোষজনক হলে প্রার্থীকে চাকরিতে স্থায়ী করার বিষয় যথাসময়ে বিবেচনা করা হবে;

(ছ) চাকরিতে যোগদানের জন্য কোনো প্রকার ভাতা প্রদান করা হবে না;

(জ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তির চাকরী সংক্রান্ত বিষয়ে জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা (কর্মকর্তা-কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১০ এ বর্ণিত বিধানাবলী প্রযোজ্য হবে।


০৬.১০.২৬

(মোঃ মজিবর হোসেন)


মহাপরিচালক (সিনিয়র জেলা জজ)

ফোন: ০২-৪১০৩২২৯১ (অঃ)

dg@dbla.gov.bd

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা ও দায়রা জজ এবং চেয়ারম্যান, জেলা লিগ্যাল এইড কমিটি, ...
- ২। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৩। পরিচালক, মেডিক্যাল কলেজ হাসপাতাল, ...
- ৪। সিভিল সার্জন, ...
- ৫। উপপরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর।
- ৬। সচিব এর একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৭। সহকারী পরিচালক (মনিটরিং/অর্থ ও হিসাব), বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর।
- ৮। চীফ লিগ্যাল এইড অফিসার/জেলা লিগ্যাল এইড অফিসার, ...
- ৯। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, কক্ষ নং-৫০৩, ৫ম তলা, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১০। বিভাগীয়/জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ...
- ১১। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর।
- ১২। কোর্ট অফিসার, বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের নির্দেশসহ)।
- ১৩। হিসাবরক্ষক, বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর।
- ১৪। জনাব


06.10.26

(রিফাত আরা সুলতানা)

সহকারী পরিচালক (প্রশাসন)

ফোন: ০২-৪১০৩২২৯২ (অঃ)

adadmin@dbla.gov.bd